


# যুগান্তর

## ক্যাম্পাসে ছাত্রদল-শিবিরকে নির্যাতন সহ্য করা হবে না: ডাকসু ভিপি

প্রকাশ : ০৮ অক্টোবর ২০১৯, ১০:৪১ | অনলাইন সংস্করণ

 যুগান্তর ডেস্ক



সোমবার বুয়েট ছাত্র আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখছেন ডাকসু ভিপি নুর। ছবি-যুগান্তর

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ছাত্রদল, শিবির বা অন্য কোনো সংগঠনের নেতাকর্মীদের নির্যাতন সহ্য করা হবে না বলে হুশিয়ার দিয়েছেন ডাকসু ভিপি নুরুল হক নুর।

সোমবার বুয়েটের মেধাবী ছাত্র আবরার ফাহাদ হত্যার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে তিনি এ হুশিয়ার দেন।

রোববার গভীর রাতে বুয়েটের শেরেবাংলা হলের ২০১১ নম্বর কক্ষে ফাহাদকে পিটিয়ে

হত্যা করে ছাত্রলীগ নেতাকর্মীরা। ভারতকে পানি, গ্যাস ও বন্দর দেয়ার চুক্তি বিরোধিতা করে শনিবার বিকালে ফেসবুকে স্ট্যাটাস দেন ফাহাদ। এর পরই রাতে তাকে ডেকে নিয়ে হত্যা করা হয়।

সমাবেশে ভিপি নুর বলেন, ‘ক্যাম্পাসে যদি কোনো শিক্ষার্থী নির্যাতনের শিকার হয়, সে ছাত্রদল করতে পারে, শিবির করতে পারে বা সে যদি বাম সংগঠন বা অন্য কোনো সংগঠন করতে পারে। তাই বলে তাকে নির্মমভাবে প্রহার করা হবে! কিন্তু আমরা পুরোপুরি সুস্থ মস্তিষ্কের ছাত্র হয়ে সেই অন্যায় মেনে নিতে পারি না।’

তিনি বলেন, ‘ঢাবি ক্যাম্পাসে ছাত্রদলের নেতাদের কুকুরের মতো মারা হয়েছিল। এই ছাত্রলীগের কুলাঙ্গাররা কোটা আন্দোলনের সময় সেন্টার লাইব্রেরির সামনে আমাকে নির্মমভাবে মেরেছিল। সেদিন যদি সাধারণ ছাত্ররা বের হয়ে আসত তা হলে ছাত্রলীগ ক্যাম্পাস ছাড়া হয়ে যেত। ছাত্রলীগকে ক্যাম্পাস ছাড়া করা আমাদের উদ্দেশ্য নয়, কিন্তু ছাত্রলীগের সন্ত্রাসীদের ক্যাম্পাস ছাড়া করতে হবে।

নুর আরও বলেন, ডাকসুর ভিপি হয়েও আমরা নির্যাতনের শিকার হয়েছি। সেখানে সাধারণ ছাত্র ও জনগণ কীভাবে ছাত্রলীগের হাতে নিরাপদ হবে।

নুর বলেন, আজ পুরো বাংলাদেশের মানুষ নির্যাতিত। সবার পিঠ দেয়ালে ঠেকে গেছে। আজ যদি আপনারা ঐক্যবদ্ধ হতে না পারেন, তা হলে এই স্বৈরশাসন ও স্বৈরশাসকদের জাঁতাকলে পিষ্ট হতে হবে।

প্রধানমন্ত্রীর উদ্দেশ্য করে ডাকসু ভিপি বলেন, সমাবেশে কোটা আন্দোলনের নেতা নুর বলেন, ‘কোনো ছাত্র যদি অন্যায় অপরাধ করে থাকে, তার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন রয়েছে। তাদের হাতে তুলে দিন। তারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। কিন্তু ছাত্রলীগকে সাধারণ শিক্ষার্থীদের গায়ে হাত তোলার অধিকারটা কে দিল? প্রধানমন্ত্রীর কাছে এই প্রশ্ন রাখতে চাই।



ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।